



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ।

২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শেষবর্ষ (নিয়মিত) কোর্সে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:

তারিখ : ১৬/০৮/২০১৭ খ্রি:।


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজকর্ম, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা ও উদ্ভিদবিদ্যা বিষয়ে স্নাতকোত্তর শেষবর্ষ (নিয়মিত) কোর্সে ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে নিম্নে উল্লেখিত নিয়মানুযায়ী প্রাথমিক আবেদনপত্র জমা দেয়া যাবে।

- ◆ অনলাইনে www.nu.edu.bd/admission ওয়েব সাইট থেকে ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে।
- ◆ উল্লেখিত ওয়েব সাইটে আবেদন ফরম পূরণের নিয়মাবলী ভালভাবে পড়ে আবেদন ফরম পূরণ করতে হবে।
- ◆ প্রার্থীদের ১৬/০৮/২০১৭ থেকে ২৬/০৮/২০১৭ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরম পূরণ পূর্বক A4 সাইজের সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।
- ◆ পূরণকৃত আবেদন ফরমে স্বাক্ষর করে আগামী ১৬/০৮/২০১৭ থেকে ২৬/০৮/২০১৭ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা দিয়ে আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।
- ◆ আবেদন পত্রের সাথে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক/ সমমান, স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও স্নাতক (সম্মান) কোর্সের রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ◆ পরবর্তীতে উল্লেখিত ওয়েব সাইটে ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

আবেদনের সাধারণ যোগ্যতা:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় নূন্যতম তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ অথবা তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও স্নাতকোত্তর প্রথম পর্ব (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্সে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহনকারী শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে না।


অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ
মুন্সিগঞ্জ।

প্রফেসর ড. মীর মাহমুদুল হক
অধ্যক্ষ
সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ